REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

১৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৩রা মাঘ বুধবার ১৩৩৫ ইংরাজী 16th January 1929 | ৩০শ সংখ্যা।

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ বন্দো পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

পরীক্ষার্থী ছাত্র ও যুবকদিগের
সুবর্ণ সুযোগ।

**MEMORY TABLET**
বা
## স্মৃতি বটী।

স্নায়বিক দৌর্ব্বল্য, স্মৃতিশক্তিহীনতা, অসাড়ে শুক্র পতন প্রভৃতি সম্পূর্ণ আরোগ্য হয়। একমাত্রা সেবনে স্বপ্ন দোষ বন্ধ হয়। দশ দিনের সেবনোপযোগী এক কৌটার মূল্য মাশুল সমেত ১।০ পাঁচ সিকা।

এজেন্টস্ঃ—
এন্, গাঙ্গুলী এণ্ড কোং
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

# হিলিংবাম

গত ৩৪ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমারা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২॥০
" " ছোট শিশি ১৸০

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন শীত ও বসন্ত আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫॥০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

গুণে গন্ধে সৌরভসম্পদে
কেশরঞ্জন অদ্বিতীয়।




কে-শ-র-ঞ্জ-ন
সৌন্দর্য্য বৃদ্ধি করে।
কে-শ-র-ঞ্জ-ন
মুখকে সুন্দর করে।
কে-শ-র-ঞ্জ-ন
চুলকে খুব কাল করে।
কে-শ-র-ঞ্জ-ন
কেশ পতন বন্ধ করে।

কে-শ-র-ঞ্জ-ন
চিন্তাশীলের সহায়।
কে-শ-র-ঞ্জ-ন
রমণীর অতি প্রিয়।
কে-শ-র-ঞ্জ-ন
শ্রেষ্ঠ প্রেমোপহার।
কে-শ-র-ঞ্জ-ন
সবারই নিত্য প্রয়োজন

মুল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায় নিরাপদ হইতে হইলে




কর্পূরারিষ্ট ঘর কারয়া রাখা উচিত।

মূল্য আট আনা মাত্র
ডাক ব্যয় স্বতন্ত্র।

**কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ**
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।
ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

## কৃষিকার্য্যে অর্থাগম সুনিশ্চিত।

জগদ্বিখ্যাত ইণ্টারন্যাশন্যাল হারভেষ্টার কোম্পানীর সরঞ্জাম এবং যন্ত্রাদি সাহায্যে চাষ এবং আবাদে যথেষ্ট অর্থাগম হইয়া থাকে।

সকল প্রকার চাষ এবং আবাদের উপযোগী যাবতীয় সরঞ্জাম এবং যন্ত্রাদি যথা লাঙ্গল, মটোর ট্রাকটর, কেরোসিন এঞ্জিন, আখমাড়া কল প্রভৃতির বিবরণ পুস্তকের জন্য আবেদন করুন।

র‍্যাম্‌মেকার্স এণ্ড কোং
( ভারতের উত্তর-পূর্ব্ব অঞ্চলের এজেণ্ট। )
৭নং ওল্ড কোর্ট হাউস ষ্ট্রীট,
পোষ্ট বক্স ৫০৭, কলিকাতা।

ভারতের একমাত্র সরবরাহকারক—
ভলকার্ট ব্রাদার্স।
( বোম্বাই, মাদ্রাজ, কলিকাতা, কলম্বো। )



বেঙ্গল আয়ুর্ব্বেদিক ওয়ার্কস্‌এর
## চাঁদমার্কা পাচন

ম্যালেরিয়া এবং অন্যান্য সর্ব্বপ্রকার জ্বরের মহৌষধ।

নূতন জ্বর এক দিনে পুরাতন জ্বর তিন দিনে আরোগ্য হয়।

ম্যালেরিয়াযুক্ত স্থানে নিয়মিত সেবনে রোগের আক্রমণ ভয় থাকে না।

সর্ব্বত্র এজেণ্ট আছে।

সোল এজেণ্টস্—
বসাক ফ্যাক্টরী
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট
কলিকাতা



## অনন্ত মূর্ত্তি মার্কা কাঁচা তিল তৈল

REGD No. 1320

মস্তিষ্কের পুষ্টি ও কেশের কান্তি এবং সৌন্দর্য্য বর্দ্ধনে অদ্বিতীয়।

প্রতি পাইণ্ট—৸৵০ আনা মাত্র। পাইকারী দর স্বতন্ত্র। বিক্রীর জন্য সর্ব্বত্র এজেণ্ট চাই। পত্র লিখিলে বিনামুল্যে নমুনা পাঠান হয়।

বায়ু ও কেশের উপকারী "শ্রী ষ্টার" ব্রাণ্ড সুবাসিত নারিকেল ও বাদাম তৈল ব্যবহার করিয়া দেখুন।

দে ব্রাদার্স
১২৪নং শ্যামবাজার ষ্ট্রীট, কলিকাতা।



"আজি আসিয়াছ ভুবন ভরিয়া
গগনে ছড়ায়ে এলোচুল"





রেড ক্রশ
ক্যাষ্টর অয়েল
NATURE'S OWN HAIR GROWER

সর্ব্বত্র পাওয়া যায়।



সুবর্ণ সুযোগ।
**MEMORY TABLET**
বা
## স্মৃতি বটী।

স্নায়বিক দৌর্ব্বল্য, স্মৃতিশক্তিহীনতা, অসাড়ে শুক্র পতন প্রভৃতি সম্পূর্ণ আরোগ্য হয়। একমাত্রা সেবনে স্বপ্ন-দোষ বন্ধ হয়। দশ দিনের সেবনোপ-যোগী এক কৌটার মূল্য মাশুল সমেত ১।০ পাঁচ সিকা।

এজেণ্টস্ঃ—
এন্, গাঙ্গুলী এণ্ড কোং
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

৩রা মাঘ বুধবার ১৩৩৫ সাল।

## জঙ্গিপুর সীমান্তে মহাযজ্ঞ।

—:০:—

জঙ্গিপুর মহকুমার সীমান্ত প্রদেশে ফরক্কা নামক একটি স্থান আছে। দুই বৎসর পূর্ব্বে এখানে একটি পুলিশের থানা ছিল। ব্যয় সঙ্কোচের হিড়িকে থানাটি উঠিয়া গিয়াছে। স্থানটী খুব মনোরম। প্রকৃতি দেবী স্বহস্তে ইহাকে সকল সৌন্দর্য্যে শোভিত করিয়াছেন। পুলিশ পরিত্যক্ত হওয়ার পর স্থানটী রাজপুরুষ-পদ-রজে বঞ্চিত হইয়াছে। থানার গৃহগুলি খুব উন্নত প্রণালীর শিল্পকলায় নির্ম্মিত হইলেও তাহারা যেন স্বামী পরিত্যক্তা হইয়া যৌবনে বৈধব্য ভোগ করিতেছে। গত ১৩ই জানুয়ারী রবিবার এই অট্টালিকাটী "ভাঙ্গা ঘরে চাঁদের আলো" ও "মরা গাঙ্গে বানের" মত অপূর্ব্ব রূপ ধারণ করিয়াছিল। এখানে একটি মহা-যজ্ঞের অনুষ্ঠান হইয়া গিয়াছে। এই যজ্ঞকে কেহ বলেন—রাজসূয় যজ্ঞ, কেহ বলেন—বিজয় ভোজ, কেহ বলেন—সর্ব্ব ধর্ম্ম সমন্বয় যজ্ঞ, আবার আধুনিকগণ প্রীতিভোজ বা 'ফিষ্ট' বলিয়া বর্ণনা করিয়া থাকেন। যজ্ঞেশ্বর এ যজ্ঞে কোন ধর্ম্মের প্রতি পক্ষপাতিত্ব করেন নাই। প্রীতির পাত্র দেবগুণসম্পন্ন বহু ব্যক্তিকেই এই যজ্ঞে আহ্বান করিয়াছিলেন।

## কানু কহে রাই! কহিতে ডরাই।

আমাদের এখানে আবার এক শ্রেণীর তেজী principle এর লোক আছেন যাঁরা আবার এই সমস্ত যজ্ঞের কথা আলোচনা করিলেই সুবিধা বুঝিয়া মন্তব্য প্রকাশ করেন যে অমুক চাটুয্যের বাড়ীতে সত্যনারায়ণে লোকজন খাওয়ালে তার কথা কাগজে উঠলো না কেন? তদুত্তরে আমরা বলি কত লোক যে মরছে শোক-সভা কটা হচ্ছে? কত লোক পঞ্চাশ বৎসরকাল কুলিগিরি করছে কই তাদের তো জুবিলি হয় না? কত ঠাকুরই তো রথে ওঠে পাঁজিওয়ালারা কই গোপালের রথ, রঘুনাথের রথ এসব বিগ্রহের নাম না দিয়ে লিখে থাকে শ্রীশ্রীজগন্নাথ দেবের রথযাত্রা। আমরা সেইজন্য ক্ষুদ্র ক্ষুদ্র মানবের সামান্য সামান্য লীলা বর্ণন না ক'রে তাঁহারা যাহাকে "মহতের আশ্রয়" বলেন সেই সব অতি মানবেরই লীলা বর্ণন করি। মহতের আশ্রয়ে তাঁহারা যে সুফল পান আমরা তাই ব'লে বিপরীত ফল-ভোগী হইয়া থাকি। ভাগ্য! ভাগ্য! যে ভগবানকে সামান্য মুড়ি খাইয়ে গুহক রাম-মিত্র নাম পাইলেন। সেই ভগবানকে সর্ব্বস্ব দান ক'রে বলী রাজাকে পাতালে যেতে হলো। আবার বালী বেচারাকে চোরা বাণে মরতে হলো। তা হোক তাঁদের ভগবদ্ভজনের পন্থা আমরা অবলম্বন করতে পারিনা। কি করবো?

যজ্ঞে নিমন্ত্রণ পাইয়াছিলেন অনেকেই। কিন্তু অধিকাংশ মহাত্মা নাকি এক একটা অছিলা ক'রে যজ্ঞে যোগদান করেন নি। কারণ কি? বোখারার (তাতারের বোখারা নয় জঙ্গিপুর মহকুমার অন্য সীমান্তে অবস্থিত) যজ্ঞপদ্ধতি দেখিয়া স্তম্ভিত হইয়াছেন নাকি? ছুঁৎমার্গ দেখিলে যে জুতমার্গ বেজুত হইয়া পড়িবে। তোমরা ভাবছো যে যজ্ঞেশ্বর তোমাদের চালাকী বোঝেন নি, তিনি সব বুঝেছেন। মনে মনে যা' বলছেন তা' মোটেই তোমাদের রুচিসঙ্গত নয়। এই যজ্ঞের পর যজ্ঞেশ্বরের সঙ্গে সাক্ষাৎ করতে কেমন বাধ বাধ ঠেকছে না? যতই কৈফিয়ৎ দাও তাঁর মনঃপুত হচ্ছে না! আস্তে আস্তে তোমাদিকেই বা অপাংক্তেয় হ'তে হয়! এতদিন 'কায়ার সনে ছায়ার মত' ঘুরে ঘুরে শেষে সব তাল কেটে ফেল্লে দাদারা! কাজটা ভাল হলো কি মন্দ হলো ভাববার বিষয়। তবে অনেকেই খাল পার হ'য়েছেন এখন কুমীরকে কলা দেখান নীতি-বিরুদ্ধ নয়। যারা এখনও খালের ওপারে তাদের কিন্তু মহামুস্কিল। দিল্লীকা লাড্ডু দিব তো বলেছে, এখন দিবে কি দিবেনা সেইটে মাঝে মাঝে মনকে তোলপার করছে।

বেঁচে গেছে আমাদের জনৈক বাল্য বন্ধু। তার আহ্বানও ছিল আবার লঙ্কায় ছোট বড় সব বীর অনুপস্থিত থাকায় তারই স্কন্ধে সিংহাসনের ভার দিয়ে সব যজ্ঞ যাত্রা করেছিলেন। ভাইরে বেঁচে গেছিস দাদা। একদিন খাইয়ে দে। আমাদের জনৈক কলাবিদ্ বন্ধু উক্ত যজ্ঞের ও তুমকা-বিজয়ের দুইটি আলোকচিত্র (snap shot) উপহার দিতে স্বীকৃত হইয়াছেন আমরা তাহা পাইলেই ব্লক করিয়া ছাপাইব আশা আছে।

—

# বিবিধ সংবাদ।

—•—

মিউনিসিপালিটীর কার্য্য। জঙ্গিপুর মিউনিসিপালিটির ভাইস চেয়ারম্যান বাবু জয়কৃষ্ণ দত্ত মহাশয় রাস্তা ঘাট ও ড্রেণ পরিস্কার রাখার জন্য বিশেষ চেষ্টা করিতেছেন। অনেক সময় নিজে উপস্থিত থাকিয়া কুলিদের কাজ কর্ম্ম পরিদর্শন করেন। তাঁহার চেষ্টায় কাজ ভাল হইতেছে।

—

### চিত্রগুপ্তের খতিয়ান।

—•—

জঙ্গিপুর মিউনিসিপালিটীর এলাকায় ৫।১।২৯ যে সপ্তাহ শেষ হইয়াছে সেই সপ্তাহে জন্ম ১১টী ৬ পুরুষ, ৫ স্ত্রী। মৃত্যু ৪, ২ পুরুষ, ২ স্ত্রী; জ্বর ২, নিউমোনিয়া ১ বিবিধ ১

গত ১২।১।২৯ তারিখে যে সপ্তাহ শেষ হইয়াছে সেই সপ্তাহে জন্ম ১৮টী, ৯ পুরুষ, ৯ স্ত্রী। মৃতু ২ স্ত্রী, ১ জ্বরে, ১ যক্ষায়।

—

চাউল। কিছুদিন পূর্ব্বে স্থানীয় বাজারে প্রত্যহ প্রচুর পরিমাণে চাউল আমদানী হইতেছিল। দরও সুবিধা ছিল। কিন্তু বাদলার জন্য চাউলের আমদানী কমিয়া গিয়াছে। যাহা টাকায় ৮।০ সের ছিল তাহা এখন ৭৸০ সের দরে বিক্রয় হইতেছে।

—

আমীর আলির দান। পরলোকগত মিঃ আমির আলি তাহার সংগৃহীত যাবতীয় পুস্তকাদি রয়েল এসিয়াটিক সোসাইটিতে দান করেছেন।

—

দ্বিমুণ্ড চতুর্ভুজ শিশু। ময়মনসিংহে এক মুসলমান রমণী এক সন্তান প্রসব করিয়াছিল। সন্তানটির দুইটি মাথা ও ৪ খানি হাত। ইহা ছাড়া আর কোন বিশেষত্ব ছিল না। শিশুটি ভূমিষ্ঠ হইবার পরই মারা যায়। প্রসূতির অবস্থা সঙ্গীন। শিশুটির মৃতদেহ লিটন মেডিকেল স্কুলে রাখা হইয়াছে।

—

অশ্লীল গল্প প্রকাশে গ্রেপ্তার। 'বীণা' নামক বাঙ্গালা মাসিক পত্রিকার গত আষাঢ় সংখ্যায় "জ্বলে লেলিহান বহ্নি শিখা নগ্ন কামনার" এই নামে একটি অশ্লীল গল্প প্রকাশ করার অপরাধে সম্পাদক শ্রীশচীন্দ্রমোহন সেন রায় এবং ঢাকার হেনা প্রেসের প্রিণ্টারকে পুলিশ গ্রেপ্তার করে। উভয়েই জামিনে খালাস পাইয়াছেন।

—

শিক্ষার প্রসারে ছায়াচিত্র। সম্প্রতি এক সোসাইটী রেজেষ্ট্রী হইয়াছে। এই সমিতি বাংলার স্কুল এবং কলেজ সমূহে ঘুরিয়া ছায়াচিত্রের সাহায্যে শিক্ষাদান কার্য্য করিবেন। প্রথমে চাঁদার টাকায় আবশ্যকীয় ব্যয় নির্ব্বাহ করা স্থির হইয়াছে। যে সমস্ত স্কুল কলেজ ইহাদিগকে আহ্বান করিবেন তাহাদিগের উপর 'ফি' এর দাবী করা হইবে।

—

গ্রেপ্তার। কর্পোরেশন ষ্ট্রীটের এক বাড়ী হইতে পুলিশ অট্টোহরেমগু নামক এক রুশীয়কে গ্রেপ্তার করিয়াছে। তাহার বিরুদ্ধে অভিযোগ এই যে সে অবৈধভাবে এদেশে অস্ত্র শস্ত্র আমদানী করার ষড়যন্ত্রে লিপ্ত আছে।

—

গঙ্গাসাগর মেলা। এ বৎসর গঙ্গাসাগর মেলায় প্রায় ২০০০০ হাজার যাত্রীর সমাগম হইয়াছিল। সুখের বিষয় কোন সংক্রামক ব্যাধিতে লোকের বিশেষ ক্ষতি করিতে পারে নাই। মাত্র ১ জন কলেরায় মারা গিয়াছিল এবং ১ জন বসন্তে আক্রান্ত হইয়াছিল।

—

দীর্ঘজীবির মৃত্যু। দিনাজপুরের গুলজার নামক এক বৃদ্ধ ১৩৫ বৎসর বয়সে প্রাণত্যাগ করিয়াছে, মৃত্যুর দিনও সে ভাত খাইয়াছিল। মরিবার আগে সে তাহার পুত্রদিগকে নানা প্রকার সদুপদেশ দিয়া গিয়াছে।

—

## মিথ্যা কথায় ভুলবনা।

—০—

অনেক দিনের বলে কি
সবই মোরে মান্‌তে হবে।
সমাজ আছে, তাইকি আমার
সত্য পায়ে দলতে হবে॥
ব্রাহ্মণ সে পূজতে হবে
তাইবা আমায় বল্‌লে কে।
চিরটা কাল সাধব তাকে
পায়ের তলে দল্‌লে যে।
এই ত হিয়ার ভক্তি আমার
সব দিয়েছি পায় ঢালি।
প্রতিদানে তাচ্ছিল্যে হায়
উঠল ভরে মোর ডালি।
সমাজ তোমার চোখ রাঙানি
শুনবনা আজ শুনবনা।
সত্য পথের যাত্রী মোরা
মিথ্যা কথায় ভুলবনা।

আমার বামুন আমার ঠাকুর
বুকে স্নেহের চিহ্ন কৈ।
তার বাড়ীতে আমার স্থান
ত্যক্ত উঠান ভিন্ন কৈ।
নমঃশূদ্র তাইতে আমি
কুকুর তোমার তাও ভালো।
মানুষ আমি তা' জেনেছি
মানবনা আর যাই বলো।
প্রণাম করি পা না ছুঁয়ে
পাছে তোমার ধর্ম্ম যাই।
বামুন তুমি বামুন থাক
শূদ্র তোমা আর না চাই।
সমাজ তোমার চোখ রাঙানি
শুনবনা আজ শুনবনা।
সত্য পথের যাত্রী মোরা
মিথ্যা কথায় ভুলবনা।

বংশগুরু এই কি তোমার
সব্‌চে বড় যোগ্যতা।
পূজতে হবে সাধতে হবে
শুন্‌তে হবে সব কথা।
না না তা' হবেনা আর
সত্য সেথায় নাইযে রে।
অযোগ্যকে পূজলে পরে
পূজা বৃথায় যাইযে রে।
তোমরা নাকি স্বর্গ আন
ভগবানের দূত নাকি।
এমনি ক'রে খুব ভোলালে
এখনো কি থির থাকি।
সমাজ তোমার চোখ রাঙানি
শুনবনা আজ শুনবনা।
সত্য পথের যাত্রী মোরা
মিথ্যা কথায় ভুলবনা।

প্রাণের ঠাকুর দেবতা আমার
পূজতে তাকে পাইনা কৈ।
পয়সা দেওয়া পুরুত ঠাকুর
তৃপ্তি তাতে হয়না কৈ।
হায়রে নিঠুর সমাজ আমার
মোর ঠাকুরে কল্লে দূর।
কাঙাল আমি বাগ্‌দি চাঁড়াল
মানুষ সবার এক ঠাকুর।
হায় 'ওঁ'কার নামটী আমার
উচ্চারণের আদেশ নাই।
এতই হেয় ঘৃণা যখন
বিধান তোমার আর না চাই।
সমাজ তোমার চোখ রাঙানি
শুনবনা আজ শুনবনা।
সত্য পথের যাত্রী মোরা
মিথ্যা কথায় ভুলবনা।

আমার কাজে বামুন খাবে
নৈলে পুণ্য হয়না রে।
হায়রে আমার দেশের কাঙাল
তারা দুটী পায়না রে।
মানুষ আমি মানুষ হ'য়ে
সইব কত লাঞ্ছনা।
হায় গরবী, এতই কি জাত
মনুষ্যত্ব মান্‌ছনা।
যে চরণে দলবে পরাণ
সে চরণ হায় পূজ্‌বে কে।
নির্য্যাতিতের অশ্রু থেকে
কোথায় কমল ফুট্‌বে রে।
সমাজ তোমার চোখ রাঙানি
শুনবনা আজ শুনবনা।
সত্য পথের যাত্রী মোরা
মিথ্যা কথায় ভুলবনা॥

শ্রীসত্যেন্দ্রনাথ বড়াল।

—


## গিনি পুরস্কার।

### বর্ণ বিন্যাস প্রতিযোগিতা ( নং ৩ )

**প্রবেশ ফিঃ মাত্র ।০ চারি আনা।**

একজনে যতগুলি ইচ্ছা উত্তর পাঠাইতে পারেন। কিন্তু প্রত্যেক উত্তর পত্রের সহিত ।০ চারি আনার ৫ এক পয়সা মূল্যের ১৬ খানা ডাক টিকিট পাঠাইতে হইবে। যদি মনিঅর্ডার বা রেজিষ্ট্রারী ডাকে পাঠান হয় রসিদ পাইবেন। প্রতিমাসেই এরূপ প্রতিযোগিতা করিবার সুযোগ পাইবেন।

উত্তর করিবার নিদর্শন।

| প্রশ্ন। | উত্তর। |
|---|---|
| 1. AFIRY. | 1. FAIRY. |
| 2. ADEGHRTU. | 2. DAUGHTER. |
| 3. ACIMRRSY. | 3. MISCARRY. |

## প্রশ্ন।

( যাহার উত্তর পাঠাইতে হইবে। )

1. AAECDYM.
2. IIABDLLSR.
3. EEECCDNR.
4. OIIACRYDTN.
5. IEEERNTMPX.
6. UIESSRF.
7. AEUGNLTT.
8. IAACDHNP.
9. EIOOGLMNRTY.
10. IEDGR.

## নিয়মাবলী :—

☞ আগামী ২৮শে মাঘ হইতে ২৩শে ফাল্গুন পর্য্যন্ত উত্তর পত্র গৃহীত হইবে।

১। উত্তর কাগজের এক পৃষ্ঠায় লিখিতে হইবে।

২। প্রত্যেক উত্তর পত্রের মাথায় ("বর্ণ বিন্যাস প্রতিযোগিতা" নং ৩) লিখিতে হইবে।

৩। প্রত্যেক উত্তর পত্রের সহিত প্রবেশ ফিঃ ।০ চারি আনার ৫ এক পয়সা মূল্যের ১৬ খানা ডাক টিকিট পাঠাইতে হইবে। প্রবেশ ফিঃ ভিন্ন উত্তর পত্র গৃহীত হইবে না।

৪। ১৩৩৫ সালের ২৩শে ফাল্গুনের মধ্যে উত্তর আমাদের কার্য্যালয়ে পৌছান আবশ্যক। তৎপরে কোন উত্তর গ্রাহ্য নহে।

৫। যিনি সর্ব্বাপেক্ষা অধিক সংখ্যক প্রশ্নের ঠিক উত্তর দিতে পারিবেন তিনি একখানি গিনি পুরস্কার পাইবেন। যিনি দ্বিতীয় স্থান অধিকার করিবেন তিনি ১টী Ansonia Bee Time-Piece ( এ্যানসোনিয়া বি টাইম-পিস ঘড় ) পুরস্কার পাইবেন। যিনি তৃতীয় স্থান অধিকার করিবেন তিনি একখানি ইংরাজী ডিক্‌সনারী পুরস্কার পাইবেন। যাঁহারা ৪র্থ হইতে ১৫শ স্থান অধিকার করিবেন তাঁহাদের প্রত্যেকে নিজ নিজ নাম ও ঠিকানা ছাপান কার্ড ২৫ খানা করিয়া পাইবেন।

৬। ২৩শে ফাল্গুন ইংরাজী ৭ই মার্চ্চ উত্তরের কাগজগু'ল পরীক্ষিত হইবে। 'জঙ্গিপুর সংবাদের' সম্পাদকের মীমাংসা চুড়ান্ত বলিয়া মানিতে হইবে।

৭। দুই বা ততোধিক জনের উত্তর একই হইয়া যদি একস্থান অধিকার করেন তাহা হইলে যাঁহার উত্তর অগ্রে আমাদের অফিসে পৌছিয়াছে তিনিই পুরস্কারের যোগ্য বিবেচিত হইবেন। প্রতিযোগিতার ফল চৈত্র মাসের প্রথম সপ্তাহে বাহির হইয়া প্রত্যেকের নিকট প্রেরিত হইবে।

৮। নাম ঠিকানা স্পষ্ট করিয়া লিখিতে হইবে।

উত্তর ও প্রবেশ ফিঃ পাঠাইবার ঠিকানা—

ম্যানেজার জঙ্গিপুর সংবাদ
( প্রতিযোগিতা বিভাগ )
পোঃ রঘুনাথগঞ্জ, ( মুর্শিদাবাদ। )


## ২ নং বর্ণ বিন্যাস প্রতিযোগিতার ফল।

উত্তর।

1. KINGDOM.
2. DISPROOF.
3. IDEALS, LADIES, DALIES, SAILED, DEASIL.
4. AUCTION, CAUTION.
5. LEASE, EASLE, EASEL.
6. RECTOR.
7. STEAL, LEAST, STALE, SLATE TALES, STELA, TEALS, LEATS
8. DEFAULT, FAULTED.
9. VULTURE.
10. SUPPLEMENT.

শ্রীযুক্ত সুধাংশু ভূষণ মিত্র, ফটকগোরা, চন্দননগর প্রথম স্থান অধিকার করিয়া গিনি পুরস্কার পাইয়াছেন।

শ্রীমতী কৃপাকণা সরকার কেয়ার অব্ বাবু প্রিয়নাথ সরকার, ধুবড়ী, আসাম ২য় স্থান অধিকার করিয়া একখানি ইংরাজী ডিক্‌সনারী পুরস্কার পাইয়াছেন।

শ্রীযুক্ত দেবশরণ ভকত কেয়ার অব্ বাবু রামসিংহাসন ভকত, সাহেব বাজার, জঙ্গিপুর তৃতীয় স্থান অধিকার করিয়া "জঙ্গিপুর সংবাদ" এক বৎসর বিনামূল্যে পাইবেন।

অবশিষ্ট সকলে ১ খানি করিয়া হাস্যোদ্দীপক পুস্তক উপহার পাইয়াছেন।

—


## কৃষিকার্য্যে অর্থাগম সুনিশ্চিত।

জগদ্বিখ্যাত ইন্টারন্যাশন্যাল হারভেষ্টার কোম্পানীর সরঞ্জাম এবং যন্ত্রাদি সাহায্যে চাষ এবং আবাদে যথেষ্ট অর্থাগম হইয়া থাকে।

সকল প্রকার চাষ এবং আবাদের উপযোগী যাবতীয় সরঞ্জাম এবং যন্ত্রাদি যথা লাঙ্গল, মটোর ট্রাকটর, কেরোসিন এঞ্জিন, আখমাড়া কল প্রভৃতির বিবরণ পুস্তকের জন্য আবেদন করুন।

### র‍্যামেকার্স এণ্ড কোং

( ভারতের উত্তর-পূর্ব্ব অঞ্চলের এজেন্ট। )
৭নং ওল্‌ড কোর্ট হাউস ষ্ট্রীট,
পোষ্ট বক্স ৫০৭, কলিকাতা।

ভারতের একমাত্র সরবরাহকারক—
ভলকার্ট ব্রাদার্স।
( বোম্বাই, মাদ্রাজ, কলিকাতা, কলম্বো। )

আনন্দ সংবাদ! আনন্দ সংবাদ!! আনন্দ সংবাদ!!!

## নূতন সাইকেল ও সরঞ্জামের দোকান।

### এইচ, কে, মুখাৰ্জ্জী

**ষ্টোন কোয়ারী হোণ্ডার সাইকেল মারচেণ্ট ইম্পোর্টার ও এক্সপোর্টার**

হরিণডাঙ্গা বাজার (ষ্টেশনের সন্নিকট।)

পাকুড় (ই, আই, আর, লুপ লাইন)

এইখানে সকল রকম বি, এস, এ, র‍্যালে, হারকিউলিস, হাম্বার সাইকেল, পার্টস্ ও সরঞ্জাম, টায়ার, টিউব প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়।

কলিকাতা হইতে সাইকেল ভি, পিতে না লইয়া
এখানে আসিয়া স্বয়ং নিজ চক্ষে দেখিয়া
পছন্দ মাফিক জিনিষ কলিকাতা
হইতে আনার অপেক্ষা

**অনেক কম খরচে লইয়া যাউন।**

## নিউ সেলুলয়েড

### মডেল ডি লুক্স সাইকেল।

হ্যাণ্ডেলবার, হাপ, ব্রেক, পেডালের অংশ যাহা মরিচা ধরিয়া শীঘ্র খারাপ হইয়া যায় সে সব অংশে নিকেলের উপর সেলুলয়েড দিয়া মোড়া। মফঃস্বলের রাস্তার পক্ষে সম্পূর্ণ উপযুক্ত। ১নং ৮৫৲ ২নং ৮০৲ ৩নং ৭৫৲ ৪নং ৭২৲ মাত্র। অন্যান্য সাইকেল ৫০৲ হইতে তদূর্দ্ধ। দোকানদার ও সাইকেল মেরামতকারীদিগকে পাইকারী দরে মাল দেওয়া হয়। এখানে সকল সাইকেল, ষ্টোভ, গ্রামোফোন, পাম্পলাইট, হারমোনিয়ম প্রভৃতি মেরামত ও ষ্টোভে রং করিবার কারখানা সুদক্ষ মিস্ত্রীর তত্ত্বাবধানে খোলা হইয়াছে।

**মূল্য সুলভ—পরীক্ষা প্রার্থনীয়।**

## ==সুরবল্লী কষায়==

—সুস্বাদু, খেতেও কোন হাঙ্গামা নাই—

### দৌর্ব্বল্য

রুগ্ন ও দুর্ব্বল ব্যক্তিদের জন্য সুরবল্লী কষায় বিশেষ উপযোগী কারণ এই সালসায় এমন সব উপাদান আছে যা'তে স্নায়ু ও মাংস-পেশী বলিষ্ঠ ও পরিপুষ্ট হয়। প্রত্যেক শিশির সঙ্গে মাত্রা ও পথ্যা-পথ্যের ব্যবস্থা দেওয়া আছে।

### চর্ম্মরোগ


খোস পাঁচড়া চুলকানি ইত্যাদি রোগে দূষিত রক্ত পরিষ্কারের জন্য সালসা ব্যবস্থা হ'লে সুরবল্লী কষায় ব্যবহার করবেন। এই সালসা সম্পূর্ণ দেশীয় উপাদানে প্রত্যেক দিন আমাদের ঔষধালয়ে প্রস্তুত হয়।

**সুরবল্লী কষায়**
সব ডাক্তারখানায় পাওয়া যায়।
এক শিশি ১।৷০ টাকা
তিন শিশি ৩৸০ আনা
ডাকমাশুল স্বতন্ত্র।

**সি, কে, সেন এণ্ড কোং লিঃ,**
২৯, কলুটোলা,
কলিকাতা।

সঙ্গীত সাধনার যোগ্যতম উপাদান

## গোল্ড মেডেল হারমোনিয়ম



প্রত্যেক পর্দ্দার এক একটী নিখুঁত সুর গায়কের হৃদয়ের আবেগের সঙ্গে মিশে গিয়ে সঙ্গীতকে আরও মধুর করে তোলে, আর সেই সুরে শ্রোতার হৃদয়তন্ত্রী সমভাবে ঝঙ্কৃত হ'য়ে উঠে।

পত্র লিখিলে ক্যাটলগ পাঠান হয়।

**ন্যাশন্যাল হারমোনিয়ম কোং**

৮এ, লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।

তারের ঠিকানা—'মিউনিসিয়ানস' ফোন—কলিকাতা ৩৯৫৮

## 'সত্যের জয়'

## "মোহিনী"

### বিড়ির নকল হাইকোর্টের বিচারে বন্ধ হইল

বর্ত্তমান সমন্বয়ের যুগে, জনসাধারণ ব্যক্তি বা বস্তু বিশেষের আদর করেন না; গুণেরই সমাদর করিয়া থাকেন। বিড়ী অনেকেই প্রস্তুত করিয়া বাজারে চালাইতেছেন, কিন্তু ভারতবর্ষের প্রতি নগরে বা সুদূর পল্লীতে "মোহিনী" বিড়ীর ন্যায় সমাদর আর কোন বিড়ী এ পর্য্যন্ত লাভ করে নাই। ইহার কারণ মোহিনী বিড়ীর ন্যায় সুন্দর সুস্বাদু ও স্বাস্থ্যকর বিড়ী আর নাই। দরিদ্র বা অশিক্ষিত লোকের ত কথাই নাই, এই বিড়ী ধনী, শিক্ষিত যুবক, বৃদ্ধ সকলেরই অতি আদরের সামগ্রী এবং সকলেই বিলাতী সিগারেট ফেলিয়া ব্যবহার করিয়া থাকেন। মোহিনী বিড়ীর অসাধারণ বিক্রয়াধিক্য দেখিয়া প্রতারকগণ আমাদের মোহিনী লেবেল নকল করিয়া অতি নিকৃষ্ট বিড়ীতে লাগাইয়া মোহিনী নামে কলঙ্কারোপ এবং সাধারণের স্বাস্থ্যের এবং আমাদের স্বার্থের সমূহ ক্ষতি করিতেছিল। সহৃদয় গ্রাহকগণ এ বিষয়ে আমাদের মনোযোগ আকর্ষণ করায় অনন্যোপায় হইয়া নকলকারী ভাইলাল ভিকাভাই এণ্ড কোং এবং রোমজান আলীর (ভোলামিঞা এণ্ড কোম্পানীর) বিরুদ্ধে আমরা আইনের আশ্রয় গ্রহণ করিয়াছিলাম। শ্রীভগবানের কৃপায় এবং মহামান্য হাইকোর্টের সুবিচারে সম্পূর্ণরূপে সপ্রমাণিত হইয়াছে যে আমরাই মোহিনী বিড়ীর একমাত্র প্রস্তুতকারক এবং স্বত্বাধিকারী। উক্ত ভাইলাল ভিকাভাই এণ্ড কোং ও রোমজান আলীর (ভোলামিঞা এণ্ড কোং'র) প্রতি মহামান্য হাইকোর্ট হইতে এরূপ চিরস্থায়ী নিষেধাজ্ঞা (Permanent injunction) প্রচারিত হইয়াছে যে যদি উহাদের কেহ আমাদের মোহিনী বিড়ীর লেবেলের অনুকরণ বা নকল লেবেল দিয়া কোন বিড়ী বাজারে প্রচলন করে তাহা হইলে আইনানুসারে দণ্ডনীয় হইবে। সুতরাং সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে যদি কেহ আমাদের মোহিনী বিড়ী লেবেলের কোনও নকল লেবেল ব্যবহার করেন—তাহাতে মোহিনী নাম, মোহিনী লেবেলের ছবি কিম্বা ২৪৭ নম্বর একক বা একসঙ্গে বা অন্য কোনও কথা, অক্ষর বা নম্বরের সহিত থাকুক বা না থাকুক—তিনিই আইনানুসারে দণ্ডনীয় হইবেন।

সহৃদয় গ্রাহকগণ ক্রয়কালীন মোহিনী লেবেল, ২৪৭নং এবং আমাদের নাম দেখিয়া লইবেন। সন্দেহ হইলে দয়া করিয়া জানাইলে বিশেষ বাধিত হইব এবং নকল লেবেল ধরাইয়া দিলে বিশেষ পুরস্কৃত করিব। নিকটস্থ কোনও দোকানে যদি মোহিনী বিড়ী না পান আমাদিগকে জানাইলে মোহিনী বিড়ী সরবরাহের সুবন্দোবস্ত করিয়া দিব।

বিনয়াবনত—

**মুলজি সিক্কা এণ্ড কোং**

হেড আফিস:—৫১নং এজরা ষ্ট্রীট, কলিকাতা।

ফ্যাক্টরী:—মোহিনী বিড়ী ওয়ার্কস, গোণ্ডিয়া, (সি, পি,)

বিনা মূল্যে! বিনা মূল্যে!! বিনা মূল্যে!!!

## শ্বেতকুষ্ঠ (ধবল)



আমাদিগের আফিসে আসিয়া দেখাইলে বিনা মূল্যে শ্বেত কুষ্ঠের একটী ছোট সাদা দাগ আরাম করিয়া দেওয়া হয়। ।০ চারি আনা পাঠাইলে নমুনা স্বরূপ ঔষধ ডাকযোগে পাঠান হয়। মূল্য ছোট শিশি ২৲ টাকা। বড় শিশি ৩৲ টাকা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।৵০ পাঁচ আনা।

গলিত কুষ্ঠের রোগীকেও পত্রের দ্বারা আরোগ্য করা হয়।

## জ্বরের জন্য সুমিষ্ট ঔষধ।



অতি সুমিষ্ট। অতিশীঘ্র জ্বর আরোগ্য হয় এবং বলবৃদ্ধি করে।

### সুমিষ্ট প্রাণসঞ্জীবনী।

এক দিনেই সর্ব্ব প্রকার জ্বর আরোগ্য করিয়া দেহে বলবৃদ্ধি করে এবং ক্ষুধা বৃদ্ধি ও দাস্ত পরিষ্কার পূর্ব্বক সাত দিনের মধ্যে শরীরে বল ও স্ফূর্ত্তি আনয়ন করে। ৭ দিন ব্যবহারোপযোগী ঔষধের মূল্য ॥৵০ আনা। ১৬ দিন ব্যবহারোপযোগী ঔষধের মূল্য ১৲ টাকা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।৵০ আনা।

## বৃদ্ধ কেন?





### রাজবৈদ্য চুলের কলপ।

লাগাইলে সাদা চুল ঘোর কাল, মসৃণ ও চিক্কণ হয় এবং অনেক দিন পর্য্যন্ত ভ্রমরের ন্যায় কাল থাকে। মূল্য বড় শিশি ১৵০ টাকা। ছোট শিশি ॥৵০ আনা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।৵০ আনা। চারি আনা পাঠাইলে নমুনার শিশি বিনা খরচে পাঠান হয়।

রাজবৈদ্য শ্রীবামনদাসজী কবিরাজ।

১৫২, হ্যারিসন রোড, বড়বাজার, কলিকাতা।

তার পাঠাইবার ঠিকানা—"রাজবৈদ্য", কলিকাতা।






## THE NEW FORD.

### নূতন মডেল ফোর্ড কার

এবারে আসিয়াছে।

ইহাতে স্পোক হুইল, চারি চাকায় ব্রেক ও শক্ এবজরভার এবং গিয়ারযুক্ত ইহার ডিজাইন সম্পূর্ণ নূতন। সম্মুখে পশ্চাতে বাম্পার, স্পীডো-মিটার, মাইল মিটার, আম্ মিটার, পেট্রল মিটার, ষ্টপ লাইট, ড্যাস লাইট ইত্যাদি নানারূপ নূতনতর ফিটিংস্ দ্বারা সুসজ্জিত।

এরূপ সর্ব্বসুন্দর গাড়ী এত অল্প দামে ইতিপূর্ব্বে কখনও বিক্রয় হয় নাই।

ইহা ৪০ ঘোড়ার ক্ষমতাযুক্ত, ঘণ্টায় ৬০ মাইল স্পীড্ এবং এক গ্যালন পেট্রলে ৩০ মাইল রাস্তা যাইবে।

দাম—২৪৫০৲ টাকা। কিস্তি করিয়া টাকা দিবার উত্তম ব্যবস্থাও আছে।

বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় এজেন্টস্‌কে পত্র লিখুন বা এখানে আসিয়া গাড়ীতে চড়িয়া স্বয়ং পরীক্ষা করিয়া দেখিতে পারেন।

Ford SALES AND SERVICE

বনয়ারীলাল মুখার্জ্জী এণ্ড সন্স।

খাগড়া পোঃ (মুর্শিদাবাদ)



## বিশুদ্ধ বাদাম তৈল

এই বাদাম তৈলে কোন প্রকার খনিজ তৈল (হোয়াইট অয়েল) মিশ্রিত নাই। যত প্রকার বাদাম তৈল বাজারে চলিতেছে তার মধ্যে আমাদের বাদাম তৈল সর্ব্বাপেক্ষা উত্তম। প্রত্যেক শিশি ও বোতলের গায়ে লাল লেবেলে ৫০০৲ টাকা পুরস্কার দেওয়া আছে। কেহ আমাদের বাদাম তৈলে ভ্যাজাল বাহির করিতে পারিলে ঐ টাকা পুরস্কার দেওয়া হবে। ক্রয়কালিন আমার নামযুক্ত লেবেল দেখিয়া লইবেন।

ডি, এন, ভট্টাচার্য্য এণ্ড সন্‌স

৩১।৩৩ মুর্গিহাটা, কলিকাতা।



শতপুটের

## লৌহ ও অভ্রভস্ম

।৶০ পোয়া ২৲ টাকা।

অজীর্ণে—ভাস্কর লবণ ।৵০ পোয়া ৸০ আনা। মহাশঙ্খবটী ৫০ বটী ॥০ আনা, রামবাণ ১০০ বটী ৸০ আনা।

ধাতুদৌর্ব্বল্যে—মদনানন্দমোদক ।৶০ পোয়া ১৲, বৃহৎ চন্দ্রোদয় মকরধ্বজ ৭ বটী ৸০ আনা।

কাসে—চন্দ্রামৃতরস ৫০ বটী ১॥০ টাকা, চ্যবনপ্রাশ ।১ সের ৩৲ টাকা।

ঠিকানাঃ—

কবিরাজ শ্রীসতীশচন্দ্র সেন কবিভূষণ

গঙ্গাধর নিকেতন, মালদহ।



## গহনার দোকান।

আমরা সর্ব্বপ্রকার চাঁদি ও সোণার গহণা অল্প মজুরীতে সত্বর তৈয়ার করিয়া দিতেছি। ৺পূজা আসিতেছে এ সময়ে যাঁহারা গহনা তৈয়ার করাইবেন তাঁহারা আমাদের দোকানে আসিতে ভুলিবেন না। নির্দ্দিষ্ট সময়ে কাজ দিয়া থাকি ইহাই আমাদের বিশেষত্ব। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীঅশ্বিনীকুমার দাস, রঘুনাথগঞ্জ।

গাঁজার দোকানের পার্শ্বে।




বসাকের "চেষ্টার জল—চেষ্টার ফল"

## বসাক ও কহিনূর ট্রাঙ্ক।

যাহা সমগ্র ভারতে কেহ পারিল না, বসাক তাহা সাধন করিয়াছে। কেবল এই ট্রাঙ্কগুলি নহে, এই সমস্ত ট্রাঙ্ক প্রস্তুতের মেসিনগুলি পর্য্যন্ত বসাকের নিজ উদ্ভাবিত এবং নিজ কারখানায় প্রস্তুত।

ইহাদের ডালার উপরে তিন অঙ্গুলি অন্তর যে সকল আধ গোলা ডাঁসা আছে, উহাদের প্রত্যেকটী আধ মণ ওজনেরও বেশী ভার সহিতে পারে। আবার সমস্ত গায়ে তলা পর্য্যন্ত ঘন ঘন "চুরি" তোলা।

তুলনায় ইহার মত দেখিতে সুন্দর, মজবুত ও সস্তা ট্রাঙ্ক আর নাই।



কহিনুর ১নং ট্রাঙ্ক।

বসাক ফ্যাক্টরী, ৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।

টেলিগ্রাফের ঠিকানা—"সিন্‌কোনা" কলিকাতা।

ফোন নং ২১৮৩, বড়বাজার।



## ইকনমিক ফার্ম্মেসী

হোমিওপ্যাথিক ঔষধ

ড্রাম ৴৫, ৴১০

পোষ্টবক্স—৬৪৩] [টেলিগ্রাম—সিমিলিকিওর

চিকিৎসার বাক্স—১২, ২৪, ৩০, ৪৮, ৬০, ৮৪, এবং ১০৪ শিশি ঔষধ। একখানি গৃহ চিকিৎসার পুস্তক ও ফোঁটা ফেলা যন্ত্রসহ মূল্য যথাক্রমে ২৲, ৩৲, ৩॥০, ৫।০, ৬।৵০, ৮৸৵০, ১০৸৵০। ইংরাজী বাঙ্গলা পুস্তক, সুগার অফ্ মিল্ক, গ্লোবিউল, শিশি, কর্ক, থার্ম্মোমিটার ইত্যাদি সুলভ।

এম, ভট্টাচার্য্য এণ্ড কোং

৮৪ নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

# দুঃখের দিন অবসান।

করিতে "আতঙ্ক নিগ্রহ বটীকা" সক্ষম। যেহেতু, এই বটীকা সেবনে স্বপ্নদোষ, শুক্রতারল্য, অজীর্ণ, কোষ্ঠ কাঠিন্য, মেধা শক্তির হ্রাস, প্রস্রাবের পীড়া, অকালিক ক্ষয় প্রভৃতি পুরুষের রোগ এবং শ্বেতপ্রদর, গর্ভাশয়ের বিকৃতি ও জরায়ু সম্বন্ধীয় স্ত্রীলোকের রোগ দূর করতঃ নবজীবন প্রদান করিয়া থাকে। এই বটীকা প্রায় অর্দ্ধ শতাব্দী হইতে জগতের কল্যাণ করিতেছে। এই বটীকার বিশেষত্ব এই যে, সুস্থ ও অসুস্থ উভয় অবস্থায়ই ব্যবহার চলে। ঔষধের গুণ অপেক্ষা মূল্য অতি কম। ১৬ দিনের ব্যবহারোপযোগী ৩২ বটীকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র।

প্রাপ্তিস্থান :—

বৈদ্য শাস্ত্রী।

২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

নিম্নঠিকানায়ও এই ঔষধ বিক্রয় হয়।

জঙ্গিপুর সংবাদ আফিস।

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহকক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸৹ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸৹ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ৷৶৹ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১৷৹ এক টাকা পাঁচ আন।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই এক শিশির মূল্য ১৷৹ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶৹ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৈকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ৷৹ আট আনা, মাশুলাদি ।৶৹ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।
রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

**কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

# ইলেক্ট্রিক সলিউসন




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে আত অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর, মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা, সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের উপযোগী প্রতি শিশি মায় মাশুল সমেত ১৷৹ দেড় টাকা।

অনুগ্রহ করিয়া নাম ও ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

**সোল এজেন্ট—ডাঃ ডিঃ ডিঃ হাজরা।**


ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

# বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

আনন্দ ঔষধে সারে
আমলু পিত্তরোগে।
পেপ—অজীর্ণ ও অম্ল।
বিস—হিষ্টিরিয়ায়।
লুং—হাঁপানী।
হর—চুলকানি।
আরও অনেক ঔষধ আছে

ফোড়া,
বাগী,
কাকবিড়ালা,
ঠুনকা,
উরুস্তম্ভ,
শীতলী,
ভগন্দর,
ব্রণ,
পৃষ্ঠব্রণ,




কর্ণমূল প্রভৃতি বিনা অস্ত্রে আরোগ্য হয়। মূল্য ১৲




বঙ্গদেশে আবিষ্কার আমেরিকায় নয়।
এ দেশের রোগীর পক্ষে অব্যর্থ নিশ্চয়।

"দামোদর সুধা" ম্যালেরিয়া জ্বরে। "রত্নাকর সালসা" রক্ত পরিষ্কারে।
দুর্ব্বলের বল বাড়ে "ভাইট্যালিন" সেবনে। কলেরাতে "স্পিরিট ক্যাম্ফর" রাখুন যতনে।
"সুশীতল তৈল" মস্তিষ্ক শীতলে। নষ্ট হয় চর্ম্মরোগ "একজিন" মাখিলে।

**ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস্।**

ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ, কলিকাতা

পত্র লিখিলে বিনামূল্যে ১টী দিন পঞ্জিকা পাইবেন